

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৮১৫

২. ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ১. ইসতিহাযা (রক্তপ্রদরের রোগিণী)

আরবী

حَدَّثَنَا أَبُو مُحَمَّدِ بْنُ صَاعِدٍ ، نَا إِسْحَاقُ بْنُ شَاهِينَ أَبُو بِشْرٍ ، ثَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ ، عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ ، عَنْ أَسْمَاءَ بِنْتِ عُمَيْسٍ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ ، عَنْ أَسْمَاءَ بِنْتِ عُمَيْسٍ : قَالَتْ : قَلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، فَاطِمَةُ بِنْتُ أَبِي حُبَيْشٍ اسْتُحِيضَتْ مُنْذُ كَذَا وَكَذَا ؟ قَالَ : " سُبْحَانَ اللَّهِ ! هَذَا مِنَ الشَّيْطَانِ ، فَلْتَجْلِسْ فِي مِرْكَنٍ " . فَجَلَسَتْ فِيهِ حَتَّى رَأَتِ قَالَ : " تَغْتَسِلُ لِلطُّهْرِ وَالْعَصْرِ غُسْلًا وَاحِدًا ، ثُمَّ تَغْتَسِلُ لِلْمَغْرِبِ وَالْعِشَاءِ غُسْلًا وَاحِدًا ، ثُمَّ تَغْتَسِلُ لِلْمَغْرِبِ وَالْعِشَاءِ غُسْلًا وَاحِدًا ، ثُمَّ تَغْتَسِلُ لِلْمَغْرِبِ وَالْعِشَاءِ غُسْلًا وَاحِدًا ، ثُمَّ تَوْضَاً أُبَيْنَ ذَلِكَ

বাংলা

৮১৫(৫৩). আবু মুহাম্মাদ ইবনে সায়েদ (রহঃ) ... আসমা বিনতে উমাইস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! ফাতেমা বিনতে আবু হুবায়েশ এতো এতো দিন যাবত রক্তপ্রদরে আক্রান্ত রয়েছেন। তিনি বলেন, "সুবহানাল্লাহ (কি আশ্চর্য)! এটা শয়তানের পক্ষ থেকে। সে যেন একটি (পানিভর্তি) গামলার মধ্যে বসে। অতঃপর তিনি গামলার মধ্যে বসলেন, এমনকি তিনি পানির উপর পীতবর্ণ দেখতে পেলেন। অতঃপর তিনি বললেনঃ "সে (পবিত্র পানি দ্বারা) গোসল করবে, যুহর ও আসরের নামাযের জন্য একবার গোসল করবে, মাগরিব ও এশার নামাযের জন্য একবার গোসল করবে এবং ফজরের নামাযের জন্য একবার গোসল করবে, অতঃপর এর মাঝখানে উযু করবে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু 'উমায়স (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন